২০১৯

বাংলা

( স্নাতকোত্তর )

COURSE NO. : BNG-102

*পূর্ণমান ঃ ৪০*

*সময় ঃ ২ ঘণ্টা*

*দক্ষিণ–প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

**বিভাগ — ক**

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৪

১। 'বাউল' শব্দটির অর্থ কী ? মধ্যযুগের একজন বিখ্যাত বাউলের নাম লেখো ।

২। অষ্টাদশ শতাব্দীতে শাক্ত পদাবলী ধারার উদ্ভবের প্রধান কারণ কী ?

৩। রচয়িতার নাম সহ যে কোনো দুটি চৈতন্য জীবনী গ্রন্থের নাম লেখো ।

( *Turn Over* )

৪। মালাধর বসু অনূদিত ভাগবতের নাম কী ? গ্রন্থটির অনুবাদ কাল নির্দেশ করো।

৫। দৌলত কাজী অনূদিত গ্রন্থটির নাম লেখো। তিনি কার পৃষ্ঠপোষকতায় গ্রন্থটি অনুবাদ করেছিলেন ?

৬। শাক্ত পদাবলীর গানগুলি কী কী পর্যায়ে বিভক্ত ?

৭। কোন্ সময়ে কবিগানের উদ্ভব হয়েছিল ? আদি কবিওয়ালা কে ?

৮। মঙ্গলকাব্যের আদি কবি কে ? তিনি কোন্ মঙ্গলকাব্য রচনা করেছেন ?

## বিভাগ—খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৪ × ৪

৯। সুফী দর্শনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

১০। চৈতন্য পূর্ববর্তী অনুবাদ সাহিত্যের লক্ষণগুলি নির্দেশ করো।

১১। চৈতন্য পরবর্তী কালের বৈষ্ণব পদাবলীর বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

১২। মধ্যযুগের জীবনী সাহিত্যের সাধারণ বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

১৩। নাথ সাহিত্য কোন্ দর্শনকে কেন্দ্র করে রচিত হয়েছে ? সেই দর্শনের সংক্ষিপ্ত পরিচয় দাও ।

১৪। টীকা লেখো ঃ রামপ্রসাদ সেন ।

১৫। টীকা লেখো ঃ বাইশা ।

১৬। টীকা লেখো ঃ আলাওল ।

## বিভাগ — গ

যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৮ × ২

১৭। বাউল দর্শনের পরিচয় দাও । প্রসঙ্গত রবীন্দ্রনাথের বাউল ভাবনার সংক্ষিপ্ত পরিচয় দাও ।

১৮। চৈতন্য জীবনী কাব্যগুলির মধ্যে শ্রেষ্ঠ কোন্‌টি ? কাব্যটির শ্রেষ্ঠত্বের কারণ ব্যাখ্যা করো ।

১৯। সপ্তদশ শতাব্দীর আরাকান রাজসভায় রচিত সাহিত্যের বিশিষ্টতা নির্দেশ করে এই সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় দাও ।

২০। কবিগানের উদ্ভবের কারণ ব্যাখ্যা করো । যে কোনো একজন কবিয়ালের কৃতিত্ব বিচার করো ।

---